# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৮৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ সম্পদের কারণে যাকে সীমালঙ্ঘন করে হত্যা করা হয়, তার জন্য আল্লাহ অনুগ্রহ করে শাহাদত লিপিবদ্ধ করে দেন

## ذِكْرُ تفضُّل اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى مَنْ قُتل مِنْ أَجْلِ مَالِهِ إِذَا تُعُدّي عَلَيْهِ بِكَتْبَةِ الشَّهَادَةَ لَهُ

আরবী

3183 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ قَالَ: حَدَّثَنَا أَيُّوبُ بْنُ مُحَمَّدٍ الْوَزَّانُ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍو عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنِ الْقَاسِمِ بْنِ عَوْفٍ عَنْ عَلِيِّ بْنِ حُسَيْنٍ قَالَ حَدَّثَتْنَا أُمُّ سَلَمَةَ:

أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْنَا هُوَ فِي بَيْتِهَا وَعِنْدَهُ نَفَرٌ مِنْ أَصْحَابِهِ إِذْ جَاءَهُ رَجُلٌ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ كَمْ صَدَقَةُ كَذَا وَكَذَا مِنَ التَّمْرِ قَالَ: كَذَا وَكَذَا قَالَ الرَّجُلُ: فَإِنَّ فُلَانًا تعدَّى عَلَيَّ وَأَخَذَ مِنِّي كَذَا وَكَذَا فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَكَيْفَ إِذَا سَعَى عَلَيْكُمْ مَنْ يَتَعَدَّى عَلَيْكُمْ أَشدَّ مِنْ هَذَا التَّعَدّي) فَخَاضَ الْقَوْمُ فِي ذَلِكَ فَقَالَ الرَّجُلُ مِنْهُمْ: فَكَيْفَ بِنَا يَا رَسُولَ اللَّهِ إِذَا كَانَ الرَّجُلُ مِنَّا غَائِبًا فِي إِبِلِهِ وَمَاشِيَتِهِ وَزَرْعِهِ وَنَخْلِهِ فَأَدَّى زَكَاةَ مَالِهِ فتعدَّى عَلَيْهِ الْحَقَّ فَكَيْفَ يَصْنَعُ يَا رَسُولَ اللَّهِ؟ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ أَدَّى زَكَاةَ مَالِهِ طَيِّبَةً بِهَا نَفْسُهُ يُرِيدُ بِهَا وَجْهَ اللَّهِ وَالدَّارَ الْآخِرَةَ ثُمَّ لَمْ يُغَيِّبْ مِنْهَا شَيْئًا وَأَقَامَ الصَّلَاةَ وَآتَى الزَّكَاةَ فَتَعَدَّى عَلَيْهِ الْحَقَّ فَأَخَذَ سِلَاحَهُ فَقَاتَلَ فَقُتِلَ فَهُوَ شهيد)

الراوي : أُمُّ سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3183 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2291)

قال أبوحاتم ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: مَعْنَى هَذَا الْخَبَرِ إِذَا تُعُدّيَ عَلَى الْمَرْءِ فِي أَخْذِ صَدَقَتِهِ

أَوْ مَا يُشبه هَذِهِ الْحَالَةَ وَكَانَ مَعَهُ مِنَ الْمُسْلِمِينَ الَّذِي يُوَاطِؤُونَهُ عَلَى ذَلِكَ وَفِيهِمْ كِفَايَةٌ بَعْدَ أَنْ لَا يَكُونَ قصدُهُمْ الدُّنْيَا وَلَا شَيْئًا مِنْهَا دُونَ إِلْقَاءِ الْمَرْءِ نَفْسَهُ إِلَى التَّهْلُكَةِ إِذِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِأَبِي ذَرٍ: (اسْمَعْ وَأَطِعْ وَلَوْ عَبْدًا حَبَشِيًّا مُجَدَّعاً) وَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ حَمَلَ عَلَيْنَا السِّلَاحَ فَلَيْسَ مِنَّا)

বাংলা

৩১৮৩. উম্মু সালামাহ  রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার গৃহে ছিলেন। এসময় তাঁর কাছে কিছু সাহাবী ছিলেন। এমন সময় এক ব্যক্তি এসে বললো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, এতো এতো পরিমাণ খেজুরের যাকাত কত?” জবাবে তিনি বলেন, “এতো এতো পরিমাণ।” তখন লোকটি বললো, ওমুক ব্যক্তি আমার উপর সীমালঙ্ঘন করেছে এবং আমার কাছ থেকে এতো পরিমাণ যাকাত গ্রহণ করেছে।” নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “সেসময় তোমাদের অবস্থা কেমন হবে, যখন তোমার উপর এমন শাসক আসবে, যারা তোমাদের উপর এরচেয়েও বেশি সীমালঙ্ঘন করবে?” তারপর লোকজন সেই বিষয়ে বলাবলি করে। তখন তাদের মাঝে এক ব্যক্তি বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, সেই সময় আমাদের কী করা উচিত, যখন আমাদের কেউ তার উট, গবাদি পশু, খেজুরের কাছে উপস্থিত থাকে না, সেসময় যাকাত করা হলে যদি তার উপর সীমালঙ্ঘন করা হয়?” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যে ব্যক্তি খুশি মনে, আল্লাহর সুন্তুষ্টি ও পরকালের আশায় যাকাত আদায় করে, যাকাতযোগ্য কোন পণ্যকে গোপন করে না, সালাত আদায় করে, যাকাত আদায় করে অতঃপর তার উপর সীমালঙ্ঘন করা হয় আর সেই ব্যক্তি অস্ত্র গ্রহণ করে সীমালঙ্ঘনকারীর সাথে লড়াই করে নিহত হয়, তবে সে ব্যক্তি শহীদ।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “এই হাদীসের অর্থ হলো যখন কোন মানুষের উপর সীমালঙ্ঘন করা হবে, তার যাকাতের মাল গ্রহণ করার ক্ষেত্রে অথবা এ ধরণের কোন অবস্থা সৃষ্টি হবে আর তার সাথে একদল মুসলিম থাকবে, যারা মোকাবেলা করার জন্য যথেষ্ট হবে। তাদের উদ্দেশ্য দুনিয়ার কোন কিছু হবে না এবং নিজেকে ধ্বংসের মুখে ঠেলে দিবে না (তখন তিনি প্রতিরোধ গড়ে তুলবে; অন্যথায় নয়)। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহুকে বলেছিলেন, “তুমি (শাসকের কথা) শুনবে এবং তার আনুগত্য করবে। যদিও তিনি নাক-কান কাটা হাবশী ব্যক্তি হয়।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেছেন, “যে ব্যক্তি আমাদের উপর অস্ত্র ধারণ করবে, সে আমাদের অন্তর্ভুক্ত নয়।”

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩০১; হাকিম: ১/৪০৪-৪০৫; সুনান বাইহাকী: ৪/১৩৭; তাবারানী আল কাবীর: ২৩/৬৩২; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/৭২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২২৯১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92513

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন